তারিখ: 18 SEP 1993
পৃষ্ঠা: ৫ কলাম: ২

দৈনিক ইত্তেফাক

# ৮৭৫ জন এসএসসি পরীক্ষার্থীর ফলাফল অপ্রকাশিত

মেহেরপুর সংবাদদাতা ঃ পরীক্ষার খাতায় কেন্দ্রের সীল ও কর্তব্যরত পরিদর্শকের স্বাক্ষর না থাকায় কুষ্টিয়ার সীমান্তবর্তী দৌলতপুর থানা পরীক্ষা কেন্দ্রের ৮৭৫ জন এসএসসি পরীক্ষার্থী তাহাদের ফলাফল হাতে পায় নাই। যশোর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দৌলতপুর কেন্দ্রে প্রেরিত রেজাল্ট শীটে রোল নম্বর ও মার্কশীটের ফলাফলের ঘরে 'অভিযুক্ত' লিখিয়া ফলাফল অপ্রকাশিত ঘোষণা করে। একটি সূত্র জানায়, অভিযুক্ত পরীক্ষার্থীর অনেকেই প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে। যশোর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ 'কেন স্বাক্ষর ও সীলবিহীন খাতায় (উত্তরপত্রে) পরীক্ষা নেওয়া হইয়াছে' ইহার উপযুক্ত জবাব দাখিলের জন্য দৌলতপুর পরীক্ষা কেন্দ্রের সম্পাদক মোঃ মশিয়ুর রহমান বরাবর শোকজ নোটিশ পাঠাইয়া ১০ই সেপ্টেম্বরের মধ্যে লিখিত জবাব দাখিল করিতে বলিয়াছে। জানা গিয়াছে, যশোর শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৩ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় কুষ্টিয়ার সীমান্তবর্তী দৌলতপুর থানা পরীক্ষা কেন্দ্রের ১৭টি স্কুলের ৮৭৫ জন পরীক্ষার্থীর ইংরেজীসহ মোট ৩টি বিষয়ের পরীক্ষার খাতায় কেন্দ্রের সীল ও পরিদর্শকের স্বাক্ষর না থাকায় বোর্ড ফলাফল অপ্রকাশিত রাখে। পরীক্ষার্থীদের অভিভাবকগণ দায়িত্বরত শিক্ষকদের গাফিলতির বোঝা পরীক্ষার্থীদের কাঁধে চাপাইয়া দেওয়ায় ক্ষোভ প্রকাশ এবং অবিলম্বে ফলাফল প্রকাশ করিয়া দোষী শিক্ষকদের শাস্তি দাবী করিয়াছে। এইদিকে ফলাফল প্রকাশের একমাস পার হইতে চলিলেও ফলাফল না পাওয়ায় পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীরা প্রতিদিন মিছিল-মিটিং করিতেছে।